# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্র নং ঃ ০৬ (১০১) জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/ ৩/৫৫৫৪ তারিখ ঃ ২১/৩/১৩

## ভর্তি বিজ্ঞপ্তি

**২০১২-২০১৩ শিক্ষাবর্ষে ৩ (তিন) বছর মেয়াদী ডিগ্রী (পাস) কোর্সের ১ম বর্ষ বি.এ/ বি.এস.এস/বি.এসসি/বি.বি.এস /বি.মিউজ/ বি.স্পোর্টস ও বি.এফ.এ কোর্স সমূহের ভর্তি বিজ্ঞপ্তি।**

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) কোর্সে অধিভুক্ত কলেজ সমূহে ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে ০৩ (তিন) বছর মেয়াদী ডিগ্রী (পাস) কোর্সের ১ম বর্ষ বি.এ/বি.এস.এস/বি.এসসি/বি.বি.এস/বি.মিউজ/বি.স্পোর্টস ও বি.এফ.এ কোর্স সমূহে ভর্তি ও রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যাবলী নিম্নে দেয়া হলো ঃ

**ডিগ্রী (পাস) কোর্সে ভর্তি বিষয়ক ওয়েব সাইটঃ www.nubd.info/degree-pass**

১। **ভর্তির সময়সীমাঃ**

(ক) অন-লাইনে ভর্তির আবেদন ফরম ডাউনলোড শুরুর তারিখ ---------- ২৫/০৩/২০১৩
(খ) ভর্তির আবেদন ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ---------- ১৮/০৪/২০১৩
(গ) অন-লাইন ভর্তি প্রসেসিং ফি'র ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ ---------- ২২/০৪/২০১৩
(ঘ) জমাকৃত আবেদন ফরমের ডাটা কলেজ কর্তৃক অন-লাইনে এন্ট্রির শেষ তারিখ ---------- ২৪/০৪/২০১৩
(ঙ) বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্বাচিত ছাত্র-ছাত্রীদের তালিকা প্রকাশ ---------- ০৭/০৫/২০১৩
(চ) বিলম্ব ফি ছাড়া নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির শেষ তারিখ ---------- ১৬/০৫/২০১৩
(ছ) বিলম্ব ফি ছাড়া ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি ও রেজিস্ট্রেশন ফি'র ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ ২১/০৫/২০১৩
(জ) বিলম্ব ফি সহ নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির শেষ তারিখ ---------- ২৭/০৫/২০১৩
(ঝ) বিলম্ব ফি সহ ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি ও রেজিস্ট্রেশন ফি'র ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ-- ৩০/০৫/২০১৩
(ঞ) বিলম্ব ফি ছাড়া ও বিলম্ব ফি সহ ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা প্রিন্ট কপি, আবেদন ফরম, ফিসের ব্যাংক ড্রাফট ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র আলাদা আলাদাভাবে নিম্নে উল্লিখিত তারিখে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে

ঢাকা বিভাগ ---------- ০২/০৬/২০১৩
রাজশাহী ও রংপুর বিভাগ---------- ০৩/০৬/২০১৩
চট্টগ্রাম ও সিলেট বিভাগ---------- ০৪/০৬/২০১৩
বরিশাল ও খুলনা বিভাগ---------- ০৫/০৬/২০১৩

(ট) ক্লাস শুরুর তারিখ---------- ১৯/০৫/২০১৩
(ঠ) **কোর্স/বিষয় পরিবর্তনের শেষ তারিখ---------- ২৬/০৬/২০১৩**
(ড) **কোর্স/বিষয় পরিবর্তন সংক্রান্ত ফিসের ব্যাংক ড্রাফট, ডাটা প্রিন্ট কপি ও অন্যান্য কাগজপত্র জমা দেয়ার শেষ তারিখ---------- ৩০/০৬/২০১৩**

২। **ডিগ্রী (পাস) কোর্সে ভর্তির যোগ্যতা ঃ**

ক) ২০১০, ২০১১ এবং ২০১২ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট/আলিম/ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা-ইন-কমার্স/এইচ.এস.সি (ব্যবসায় ব্যবস্থাপনা)/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উচ্চমাধ্যমিক/ ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি/ ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার/এইচ.এস.সি ভোকেশনাল/ ডিপ্লোমা-ইন-সিরামিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং যাদের বয়স ২৭/০৫/২০১৩ তারিখে ২৪ (চব্বিশ) বছরের উর্ধ্বে নয় সে সকল ছাত্র/ছাত্রীরা ডিগ্রী (পাস) কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

খ) উল্লিখিত সময়ে জি, সি, ই 'ও' লেভেল পরীক্ষায় অন্ততঃ ৩টি বিষয়ে এবং 'এ' লেভেল পরীক্ষায় অন্ততঃ ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রী আবেদন করতে পারবে।

গ) যে সকল ছাত্র/ছাত্রী কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় অথবা বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট /সমমানের পরীক্ষায় সঙ্গীত শাখায় অথবা সমমানের কোন পরীক্ষায় সঙ্গীত বিষয় নিয়ে পাশ করেছে কেবলমাত্র তারাই (ছাত্র/ছাত্রী) এ বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সঙ্গীত কলেজে ব্যাচলার অব মিউজিক কোর্সে ভর্তি হতে পারবে।

ঘ) যে সকল ছাত্র-ছাত্রী-কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় অথবা বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট /সমমানের পরীক্ষায় পাশ করেছে তারা ব্যাচলর অব স্পোর্টস কোর্সে ভর্তি হতে পারবে।

ঙ) বি.এফ.এ কোর্সে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদেরকে প্রাক-ডিগ্রী বা সমমানের কোর্সে উত্তীর্ণ হতে হবে।

চ) ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদেরকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। অন্য দেশের নাগরিকের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি থাকতে হবে।

(ছ) যে সমস্ত অধিভুক্ত কলেজে রোভার স্কাউট বিষয়ে অধিভুক্তি আছে শুধুমাত্র ঐ সমস্ত কলেজেই যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীরা ভর্তির সময় রোভার স্কাউটস বিষয়টিকে ঐচ্ছিক বিষয় হিসাবে গ্রহণ করতে পারবে।

(জ) যে সকল ছাত্র/ছাত্রী উচ্চ মাধ্যমিক পর্যায়ে রোভার স্কাউটিংএ কমপক্ষে দুই বছরের/শিক্ষা বর্ষের সদস্য হিসাবে তালিকাভুক্ত শুধুমাত্র তারাই এ বিষয়টি ঐচ্ছিক বিষয় হিসাবে গ্রহণ করতে পারবে।

৩। **আসন সংখ্যাঃ**

ডিগ্রী (পাস) কোর্সে বি.এ, বিএসএস, বিবিএস এবং বিএসসি প্রতিটি কোর্সে আসন সংখ্যা সর্বোচ্চ ৩০০ (তিনশত)। কোনক্রমেই আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। উল্লেখ্য যে, কোন কোর্সে ৩০০ (তিনশত) এর অতিরিক্ত আবেদন ফরম জমা হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্বাচিত ছাত্র-ছাত্রীদের তালিকা (মেধাক্রমানুসারে) যথাসময়ে ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করা হবে। নির্বাচিত তালিকার অতিরিক্ত ছাত্র-ছাত্রীগণ অন্য যে কোন অধিভুক্ত কলেজে শূন্য আসনে ভর্তির শর্তপূরণ সাপেক্ষে ভর্তি হতে পারবে।

৪। **ভর্তির জন্য আবেদন ফরম (ছাত্র-ছাত্রী কর্তৃক করণীয়) ঃ**

তিন বছর মেয়াদী ডিগ্রী (পাস) কোর্সে ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভর্তির আবেদন ফরম এ আবেদন করতে হবে। আবেদন ফরম উল্লিখিত ওয়েব সাইট **(www.nubd.info/degree-pass)** হতে ডাউনলোড করে অথবা কলেজ কর্তৃক ডাউনলোডকৃত ফরম সঠিকভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ যথাযথ স্থানে স্বাক্ষর ও ছবি সংযোজন করে সংশ্লিষ্ট কলেজে জমা দিবে। ছাত্র/ছাত্রীগণকে ভর্তির অন-লাইন প্রসেসিং ফি বাবদ প্রতিজন ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে।

৫। **ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য প্রেরণ / অন-লাইন ডাটা এন্ট্রি কার্যক্রম (কলেজ কর্তৃক করণীয়)ঃ**

ভর্তিসংক্রান্ত যাবতীয় তথ্য/নির্দেশনা উল্লিখিত ওয়েব সাইট  এ পাওয়া যাবে।

ডিগ্রী (পাস) কোর্সে ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীগণ অন-লাইন থেকে ডাউনলোডকৃত আবেদন ফরমের সাথে প্রয়োজনীয় কাগজপত্রসহ কলেজে জমা দিলে আবেদন ফরমের তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক কলেজের সীল ও স্বাক্ষরসহ শিক্ষার্থীর অংশ জমাকারীকে ফেরত দিবে।

কলেজ কর্তৃপক্ষকে নিজ দায়িত্বে ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা অন-লাইনে উল্লিখিত ওয়েব সাইটের মাধ্যমে যথাসময়ে এন্টি করতে হবে। এজন্য প্রত্যেকটি কলেজকে সর্বপ্রথমে উল্লিখিত ওয়েবসাইটের কলেজ রেজিস্ট্রেশন প্যানেলের মাধ্যমে **(College Registration)** কলেজের সকল তথ্য ইনপুট দিয়ে কলেজ রেজিস্ট্রেশন করতে হবে। কলেজ রেজিস্ট্রেশন সম্পন্ন হলে ডিগ্রী (পাস) কোর্সে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ডাটা এন্ট্রি করার আইডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে এবং এ কাজে অন-লাইনে দেয়া কলেজ রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশনা **অনুচ্ছেদ-৬** অনুসরণ করতে হবে।

কোন কলেজে অন লাইন সংযোগ না থাকলে নিকটবর্তী কলেজ অথবা কম্পিউটার সেন্টার এর সাহায্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা অন-লাইনে এন্টি করবে। ডাটা এন্ট্রি সংক্রান্ত কাজের প্রয়োজনীয় নির্দেশনা উল্লিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে। উক্ত ওয়েব সাইটের মাধ্যমে অন-লাইনে ডাটা এন্টি শেষে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের তথ্যের প্রিন্ট কপি অধ্যক্ষের স্বাক্ষরসহ অগ্রায়ন পত্রের মাধ্যমে বাহক মারফত নির্ধারিত তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

ভর্তি সংক্রান্ত টেকনিক্যাল সাপোর্টের জন্য **degree@nubd.info** ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

৬। **কলেজ রেজিস্ট্রেশনঃ**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/ইনস্টিটিউট সমূহকে কলেজ রেজিস্ট্রেশন (College Registration) প্যানেল নির্বাচন করে অন-লাইনে রেজিস্ট্রেশন করতে হবে।

খ) রেজিস্ট্রেশন ফরমে উল্লেখিত তথ্যাদি যেমনঃ কলেজের নাম, ঠিকানা, ফোন নম্বর, ই-মেইল, অধিভুক্ত কোর্স ইত্যাদি যথাযথভাবে পূরণ করতে হবে।

গ) কলেজের নিজস্ব ই-মেইল এড্রেস একটি গুরুত্বপূর্ণ বিষয় বিধায় সঠিকভাবে তা এন্ট্রি করতে হবে। উক্ত ই-মেইল এ ইউজার আইডি ও পাসওয়ার্ড সংক্রান্ত নটিফিকেশন জানানো হবে। উক্ত নটিফিকেশন লিংকে ক্লিক করে কনফার্ম করা হলে উক্ত একাউন্ট সয়ংক্রীয়ভাবে এ্যাকটিভেটেড হবে।

ঘ) প্রত্যেকটি কলেজকে তার কলেজের নিজস্ব কোড দিয়ে শুধুমাত্র একবার রেজিস্ট্রেশন করা যাবে এবং কোন অবস্থাতেই একাধিকবার রেজিস্ট্রেশন করা যাবে না।

**বিশেষ দ্রষ্টব্যঃ** কলেজের ইউজার আইডি ও পাসওয়ার্ড  গুরুত্বপূর্ণ ও গোপনীয় হওয়ায় তা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন।

৭। **ডিগ্রী (পাস) কোর্সের ভর্তির জন্য বিভিন্ন ফিস এর হার ঃ**

| | |
|---|---|
| ক) অন-লাইন প্রসেসিং ফি* | ১৫০/= টাকা |
| খ) রেজিস্ট্রেশন ফি - | ৩৫০/= |
| গ) ক্রীড়া ও সাংস্কৃতিক ফি - | ২০/= |
| ঘ) বি.এন.সি.সি ফি - | ৫/= |
| ঙ) রোভার স্কাউট ফি - | ১০/= |
| চ) বিলম্ব ফি - (প্রযোজ্য ক্ষেত্রে) | ২০০/= |

* অন-লাইন প্রসেসিং ফি'র ১৫০/- টাকার মধ্যে ৬০/- টাকা কলেজ রাখবে এবং অবশিষ্ট ৯০/- টাকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন-লাইন ভর্তি প্রসেসিং ফি বাবত **ভর্তি ফান্ড, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর** বরাবর ব্যাংক ড্রাফট- এর মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিবে।

৮। **আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদানের নির্দেশাবলী ঃ**

ক) ভর্তিকৃত শিক্ষার্থীদের এস এস সি/সমমান ও এইচ এস সি /সমমান পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি কম্পিউটার প্রিন্ট কপি জমাদানের সময় বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

খ) ভর্তির সময় শিক্ষার্থীরা কলেজ কর্তৃপক্ষের নিকট এইচ,এস,সি বা সমমানের মুল মার্কশীট জমা দিবে এবং এই মার্কসীট কোর্স সম্পন্ন করার পূর্ব পর্যন্ত কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয়ের চাহিদা মোতাবেক প্রয়োজনে মূল মার্কশীট সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে জাতীয় বিশ্ববিদ্যালয়ে উপস্থাপন করতে হবে। উপস্থাপনে ব্যর্থ হলে রেজিস্ট্রশন দেয়া হবে না।

গ) বিলম্ব ফি ছাড়া ভর্তির ক্ষেত্রে নির্ধারিত তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট, রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়,গাজীপর, এর অনুকূলে (সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখায়) অবশ্যই জমা দিতে হবে এবং ব্যাংক ড্রাফট যথাসময়ে জমা দিতে ব্যর্থ হলে বিলম্ব ফি প্রদান করতে হবে।

ঘ) বিলম্ব ফিসহ ভর্তির ক্ষেত্রে ব্যাংক ড্রাফট নির্ধারিত সময়ে করা থাকলেও বর্ণিত তারিখের পরে ভর্তি সংক্রান্ত কোন কাগজপত্র এবং ব্যাংক ড্রাফট কোনটিই গ্রহণ করা হবে না। এ সংক্রান্ত যে কোন জটিলতার জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

ঙ) ডিগ্রী (পাস) কোর্সে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন ফি এর ব্যাংক ড্রাফট বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে। ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।

চ) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের বার্ষিক উন্নয়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা জমাদানের রসিদের সত্যায়িত কপি নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

৯। **কোর্স/বিষয় পরিবর্তন ঃ**

ক) কোর্স/ বিষয় পরিবর্তনে আগ্রহী শিক্ষার্থীগন নির্ধারিত তারিখের মধ্যে ৪৫০/= (চার শত পঞ্চাশ) টাকা ফি জমা ও আসন শূন্য থাকা সাপেক্ষে কোর্স/ বিষয় পরিবর্তন করতে পারবে। কলেজ কর্তৃপক্ষ এ ধরণের শিক্ষার্থীদের ডাটা ৩০/০৬/২০১৩ তারিখের মধ্যে ওয়েব সাইট/সফট ওয়্যার এর মাধ্যমে এন্টি করবে। কোর্স/ বিষয় পরিবর্তন কার্যক্রম অন-লাইনে সম্পন্ন করা হবে এবং যথাসময়ে কোর্স/বিষয় পরিবর্তন সংক্রান্ত অন-লাইন কার্যক্রম চালু হলে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের তথ্য অন-লাইনে এন্ট্রি করতে হবে। অন-লাইনে এন্ট্রি করে তালিকার প্রিন্ট কপি ও ফিসের ব্যাংক ড্রাফট অগ্রায়ন পত্রের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

খ) কোর্স/বিষয় পরিবর্তনের শেষ তারিখের পর কোন অবস্থাতেই কোর্স/বিষয় পরিবর্তন করা যাবে না। এ ধরণের আবেদনে অধ্যক্ষকে কোন রকম সুপারিশ না করার জন্য অনুরোধ করা হলো।

১০। **পাঠক্রম ও পাঠ্যসূচী ঃ**

অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রণীত ২০০৪-০৫ শিক্ষাবর্ষে ৩ (তিন) বছর মেয়াদী ডিগ্রী পাস কোর্সের পাঠক্রম ও পাঠ্যসূচী সংক্রান্ত রেগুলেশনে বর্ণিত বিষয়গুচ্ছ অনুযায়ী ছাত্র-ছাত্রীকে পাঠ্য বিষয় নির্বাচন করতে হবে যা নিম্নরূপ ঃ

ক) **তিন বছর মেয়াদী বি এ (পাস) কোর্সের বিষয়গুচ্ছসমূহ (প্রতিটি বিষয় গুচ্ছ থেকে একটি করে বিষয় নিয়ে মোট ৩ টি বিষয় নিতে হবে)।**

I. বাংলা (ঐচ্ছিক)/ইংরেজী(ঐচ্ছিক)/সংস্কৃত/আরবী/পালি
II. ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
III. গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান/গার্হস্থ্য অর্থনীতি/দর্শন/ভূগোল
IV. অর্থনীতি/সমাজ বিজ্ঞান/সমাজ কর্ম/ রাষ্ট্রবিজ্ঞান
V. মনোবিজ্ঞান/ইসলামী শিক্ষা/গণিত/পরিসংখ্যান

খ) **তিন বছর মেয়াদী বি, এস, এস (পাস) কোর্সে চার পত্র বিশিষ্ট নিম্নলিখিত বিষয়গুলোর মধ্যে (i) গুচ্ছ হতে দুইটি এবং (ii) গুচ্ছের যে কোন একটি বিষয়সহ মোট তিনটি বিষয় নিতে হবে।**

I. অর্থনীতি,রাষ্ট্রবিজ্ঞান,সমাজ বিজ্ঞান/সমাজকর্ম
II. মনোবিজ্ঞান/ভূগোল/ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইসলামী শিক্ষা/দর্শন/গার্হস্থ্য অর্থনীতি/বাংলা(ঐচ্ছিক)/ইংরেজী(ঐচ্ছিক)/সংস্কৃত/আরবী/পালি

গ) **তিন বছর মেয়াদী বি, এস, সি, (পাস) কোর্সের বিষয়গুচ্ছ সমূহ (v) গুচ্ছ ব্যতীত নির্দেশ মোতাবেক অন্যান্য যে কোন একটি গুচ্ছ নিতে হবে**

I. পদার্থ বিজ্ঞান, গণিত ও রসায়ন বিজ্ঞান।
II. পদার্থ বিজ্ঞান ও গণিত এ দু'টি বিষয়সহ (v) নং ক্রমিকের বিষয় সমূহের মধ্য হতে যে কোন একটি বিষয়।
III. উদ্ভিদ বিজ্ঞান, প্রাণীবিদ্যা ও রসায়ন বিজ্ঞান।
IV. উদ্ভিদ বিজ্ঞান ও প্রাণীবিদ্যা এ দু'টি বিষয়সহ (v) নং ক্রমিকের বিষয় সমূহের মধ্য হতে যে কোন একটি বিষয়।
V. ভূগোল/কম্পিউটার সায়েন্স/মনোবিজ্ঞান/পরিসংখ্যান/মৃত্তিকা বিজ্ঞান/প্রাণ রসায়ন/গার্হস্থ্য অর্থনীতি /গণিত /রসায়ন/উদ্ভিদ/প্রাণীবিদ্যা/পদার্থ বিজ্ঞান।

উচ্চমাধ্যমিক পর্যায়ে কোন একটি বিষয় পড়ে না থাকলে বি, এস, সি (পাস) কোর্সে সে বিষয়টি গ্রহণ করতে পারবে না। তবে ভূগোল, মৃত্তিকা বিজ্ঞান এবং গার্হস্থ্য অর্থনীতির ক্ষেত্রে শর্তটি শিথিলযোগ্য।

ঘ) **তিন বছর মেয়াদী বি, বি, এস (পাস) কোর্সের বিষয়গুচ্ছসমূহ ঃ**

I. হিসাব বিজ্ঞান এবং ব্যবস্থাপনা (আবশ্যিক)
II. ফিন্যান্স এন্ড ব্যাংকিং/মার্কেটিং/অর্থনীতি/পরিসংখ্যান/কম্পিউটার সায়েন্স (যে কোন একটি বিষয় নিতে হবে)।

পাঠক্রম ও পাঠ্যসূচীর বিষয়ে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল যখন যেরূপ সিদ্ধান্ত গ্রহণ করবে তা সকল ছাত্র-ছাত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

ঙ) **তিন বছর মেয়াদী বি. মিউজ কোর্সের বিষয়গুচ্ছসমূহ ঃ**

I. বাংলা (জাতীয় ভাষা)
II. ইংরেজী (আবশ্যিক)
III. আবশ্যিক ২টি বিষয় (সঙ্গীত)
IV. নৈর্বাচনিক বিষয় (ইতিহাস, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, সমাজবিজ্ঞান ও মনোবিজ্ঞান) হতে যে কোন একটি বিষয়।

চ) **তিন বছর মেয়াদী বি. স্পোর্টস কোর্সের বিষয়গুচ্ছসমূহ ঃ**

(১) বি. এ পাস কোর্সের গুচ্ছ হতে আবশ্যিক বাংলা (জাতীয় ভাষা) ও ইংরেজীসহ যে কোন ২টি বিষয়ের সাথে ক্রীড়া বিজ্ঞান ১ম পত্র ও নিম্নলিখিত ক্রীড়া বিষয়গুচ্ছগুলো হতে যে কোন ১টির ২য়, ৩য় ৪র্থ পত্র নিতে হবে।

| | | | | |
|---|---|---|---|---|
| I. হকি | II. ক্রিকেট | III. ফুটবল | IV. সুটিং | V. জিমন্যাস্টিক্স |
| VI. বক্সিং | VII. টেনিস | VIII. সাঁতার | IX. এ্যাথলেটিক্স | X. বাস্কেটবল |

(২) বি. এস. সি পাস কোর্সের গুচ্ছ হতে আবশ্যিক বাংলা (জাতীয় ভাষা) ও ইংরেজীসহ যে কোন ২টি বিষয়ের সাথে ক্রীড়া বিজ্ঞান ১ম পত্র ও নিম্নলিখিত ক্রীড়া বিষয়গুচ্ছগুলো হতে যে কোন ১টির ২য়, ৩য় ৪র্থ পত্র নিতে হবে।

| | | | | |
|---|---|---|---|---|
| I. হকি | II. ক্রিকেট | III. ফুটবল | IV. সুটিং | V. জিমন্যাস্টিক্স |
| VI. বক্সিং | VII. টেনিস | VIII. সাঁতার | IX. এ্যাথলেটিক্স | X. বাস্কেটবল |

১১। **ভর্তির পর কলেজ পরিবর্তনের নিয়মাবলীঃ**

ক) ভর্তিকৃত বিভাগ ও বিষয়সমূহ অপরিবর্তিত থাকা সাপেক্ষে এবং উভয় কলেজ কর্তৃপক্ষের লিখিত সম্মতিক্রমে একজন শিক্ষার্থী ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা ফি প্রদান করে ছাড়পত্রের মাধ্যমে কলেজ/ শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করতে পারবে। সংশ্লিষ্ট বিভাগ ও বিষয় মিল না থাকলে ছাড়পত্রের জন্য সুপারিশ করা যাবে না। ইস্যুকৃত ছাড়পত্রের মেয়াদ হবে ৪৫(পয়তাল্লিশ) দিন। তবে মেয়াদ উত্তীর্ণের পর প্রয়োজনীয় ফি প্রদান করে নতুন ভাবে একই শর্তে ছাড়পত্র প্রদান করা যাবে। পরীক্ষার তারিখ ঘোষিত হলে টি,সি ইস্যু করা যাবে না।

খ) কলেজ পরিবর্তনের ক্ষেত্রে উভয় কলেজের অধ্যক্ষের অনুমতি গ্রহণপূর্বক রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয় এর অনুকুলে ৭৫০/- (সাত শত পঞ্চাশ) টাকার ফি জমা দিয়ে আবেদন করতে হবে। উভয় কলেজের শিক্ষার্থীর পঠিত বিষয়ের অধিভুক্তি না থাকলে ছাড়পত্রের জন্য সুপারিশ করা যাবে না।

গ) **কলেজ পরিবর্তন করলে প্রার্থীর বিষয় গুচ্ছের কোন পরিবর্তন হবে না।**

ঘ) যদি কোন শিক্ষার্থী ১ম বর্ষ থেকে ২য় বর্ষে এবং ২য় বর্ষ থেকে ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়ে থাকলে সে ক্ষেত্রে ছাড়পত্রের আবেদনের সাথে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ফলাফলের ফটোকপি সংযুক্ত করতে হবে। **এছাড়া অনিয়মিত শিক্ষার্থীর ছাড়পত্রের সুপারিশ করা যাবে না।**

১২। **দ্বৈত ভর্তিঃ**

**কোন ছাত্র/ছাত্রী এক কোর্সে/বিষয়ে ভর্তি হওয়ার পর সে কোর্স/বিষয় সমাপ্ত না হওয়া পর্যন্ত অন্য কোন কোর্স / বিষয়ে ভর্তি হতে পারবে না। যেমন, একই সময়ে পাস ও অনার্স বা অন্য কোন কোর্সে ভর্তি হওয়া চলবে না। যদি কোন ছাত্র-ছাত্রী নির্দিষ্ট একটি কোর্সে /বিষয়ে অধ্যায়ন কালে অন্য কোন কোর্সে /বিষয়ে ভর্তি হয় তাহলে তার সকল কোর্সের/বিষয়ের ভর্তি বাতিল বলে গণ্য হবে। একই কোর্সে একাধিক প্রতিষ্ঠানে ভর্তি হলে উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

১৩। **ভর্তি বাতিল ঃ**

ক) ৫০০/- (পাঁচশত) টাকা ফি প্রদান সাপেক্ষে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের মাধ্যেমে বিশ্ববিদ্যালয়ে ভর্তি বাতিলের আবেদন করতে হবে।

খ) কোন ছাত্র/ছাত্রী ভর্তি বাতিলের পর পুনরায় ভর্তি বহাল রাখতে ইচ্ছুক হলে ভর্তি বাতিলের তারিখ থেকে ২ (দুই) মাসের মধ্যে ৫০০/- (পাঁচশত) টাকা ফি জমা দিয়ে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের মাধ্যমে ভর্তি পুনঃবহাল এর আবেদন করতে পারবে।

১৪। ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন ও পূণঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

M.Kha 21.3.13

**(প্রফেসর ড. মোবাশ্বেরা খানম)**
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন-৯২৯১০৬৮।

সূত্র নং ঃ ০৬ (১০১) জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/ ৬/ ৫৫৫৪

তারিখ ঃ ২১/৩/১৩

**অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো-**

১। সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। অধ্যক্ষ, ডিগ্রী (পাস) কোর্সে পাঠদানকারী অধিভুক্ত সকল কলেজ।
৩। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৫। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৬। পরিচালক, জনসংযোগ ও প্রকাশন, জাতীয় বিশ্ববিদ্যালয় (বহুল প্রচারিত ৫(পাঁচ) টি দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধ করা হলো)।
৭। পরিচালক, কম্পিউটার এন্ড আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (web-site এ প্রকাশের জন্য আপনাকে অনুরোধ করা হলো)।
৮। উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৯। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
১০। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
১১। অফিস কপি/গার্ড ফাইল/সংশ্লিষ্ট সকল নথি।

**(মোঃ আবুল কাসেম)**
উপ-রেজিস্ট্রার
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন-৯২৯১০৮৪।